দৈনিক খবর

2.9 JUL 1993

# গ্রন্থাগার অধিদপ্তরে অপেশাদার লোক নিয়োগের প্রতিবাদ

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি গ্রন্থাগার অধিদপ্তরে অপেশাদার ব্যক্তিদের নিয়োগের প্রতিবাদ জানিয়েছে। গতকাল মঙ্গলবার সমিতির এক বিবৃতিতে বলা হয়, বিভিন্ন সময়ে আমাদের প্রতিবাদ সত্ত্বেও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনের গ্রন্থাগারসমূহে ও অন্যান্য গ্রন্থাগারে পরিচালক/ গ্রন্থাগারিক পদে অপেশাদার ব্যক্তি নিয়োগ করা হচ্ছে। সম্প্রতি গণগ্রন্থাগার অধিদপ্তরে সদ্য উপ-সচিব পদে পদোন্নতিপ্রাপ্ত একজন সরকারী কর্মকর্তাকে নিয়োগ করা হয়েছে, যার গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে কোন ডিগ্রী, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা নেই। বিবৃতিতে বলা হয়, বর্তমান নির্বাচিত গণতান্ত্রিক সরকার প্রত্যেকের অধিকার সমুন্নত রাখার যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে- সমগ্র জাতি তাই প্রত্যাশা করে। সরকার প্রণীত বিধিতেও এ পদে শুধুমাত্র পেশাদারদেরকেই নিয়োগ করার জন্যে উল্লেখ করা হয়েছে। বিবৃতিতে অনতিবিলম্বে গণগ্রন্থাগার অধিদপ্তর ও গ্রন্থাগার এবং আর্কাইভস অধিদপ্তরের পরিচালকের পদ হতে অপেশাদার ব্যক্তিগণকে সরিয়ে নিয়ে উক্ত পদে পেশাদার ব্যক্তি নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সরকারের কাছে আহবান জানানো হয়। অন্যথায় বাংলাদেশ গ্রন্থাগার সমিতি দেশের সমগ্র গ্রন্থাগার পেশাজীবীকে নিয়ে তীব্র আন্দোলন গড়ে তুলবে বলে হুঁশিয়ার করে দেয়। -প্রেস বিজ্ঞপ্তি।